দামুড়হুদায় মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার সাংবাদিকদের সাথে মমতবিনিময়

দামুড়হুদায় মুক্তি নারী ও শিশু সংস্থার উদ্দ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বেলা ১১টায় দামুড়হুদা প্রেস ক্লাবে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রেস ক্লাবে সভাপতি এম নুরুন্নবী।

উপস্থিত ছিলেন, সংস্থার ফিন্যান্সিয়াল এন্ড এডমিন, প্রজেক্ট অফিসার অফিসার উম্মে সালমা, পি এফ হালিমা খাতুন। এ সময় উপস্থিত ছিলেন বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সংবাদ কর্মীরা।

সংস্থার উপস্থিত কর্মকর্তারা সংসার পরিচিতিসহ প্রকল্পের নাতি দীর্ঘ কর্মচিত্র তুলে ধরেন। সাংবাদিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।
বক্তব্য রাখেন, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সভাপতির বক্তব্যের মধ্য দিয়ে সভার সমাপ্তি হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রজেক্ট অফিসার দিল তৌহিদা।

আলমডাঙ্গায় জোরপূর্বক জমি দখল চেষ্টার অভিযোগ

আলমডাঙ্গার গোবিন্দপুরে ক্রয়কৃত জমি জোরপূর্বক দখলের অভিযোগ তুলেছে আনন্দবাস গ্রামের মোবারেক হোসেন। গতকাল রবিবার সকাল ১০ টার দিকে আহম্মদ আলিসহ তার ছেলেরা জোরপূর্বক দখল করে প্রাচিল নির্মাণ করার চেষ্টা চালায় বলে জানায়।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের আনন্দবাস গ্রামের মৃত কুড়ন মন্ডলের ছেলে মোবারেক হোসেন ২০০৬ সালে মুসলিমা

খাতুনের ১৪৮৩ নং দাগের ৬ শতক জমির মধ্যে ৫ শতক জমি ক্রয় করে।

এছাড়াও, মুসলিমার মা সবেদা খাতুনের নিকট থেকে ৭.৪৫ শতক জমির মধ্যে ৩.৭২ শতক জমি ক্রয় করে। ১৪৮৩ ও ১৪৮৪ দুই দাগের মধ্যে মোবারেক হোসেন মোট ৮.৭২ শতক জমি ক্রয় করে।

এদিকে, গত ২০১২ সালে মুসলিমা খাতুনের ১৪৮৩ দাগের জমির মধ্যে আহাম্মদ আলি অবশিষ্ট ১ শতক জমি ও সবেদা খাতুনের নিকট থেকে ১৪৮৪ নং দাগে ৩.৭২ শতক জমি ক্রয় করে।

এ জমি নিয়ে দখল নিয়ে দুই জমির মালিকের মধ্যে বিরোধ চলে আসছে। জমি সংক্রান্ত জের ধরে চুয়াডাঙ্গা বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট আদালতে মামলা চলমান রয়েছে। জমি নিয়ে দুই পক্ষের গোলোযোগের ঘটনায় ওই জমিতে ১৪৫ ধারা জারি করে কোর্ট। কোর্টের আদেশ অমান্য করেই মৃত কিতাব আলির ছেলে আহাম্মদ আলি, আহম্মদ আলির ছেলে শহিদুল ও তৌফিক জোর পূর্বক মোবারেক হোসেনের জমি প্রাচিল নির্মাণ করে দখলের চেষ্টা চালায় বলে অভিযোগ করেন মোবারেক হোসেন।

আবারও মানবতার পরিচয় দিলেন হাজী আঃ কাদির

দামুড়হুদায় সিজারিয়ান অপারেশন করা এক রোগীর পাশে দাঁড়ালেন হাজী আঃ কাদির। তিনি অসহায় এ রোগীর পরিবারের পাশে দাঁড়িয়ে খোঁজ খবর নিয়ে আবারও মানবতার এক মহানুভবতার পরিচয় দিলেন ।
জানা গেছে,রদামুড়হুদা উপজেলা সদরের খাঁন পাড়ার অসহায় পরিবার শাকিলের স্ত্রীর শনিবার সিজারিয়ান অপারেশন করে পুত্র সন্তান জন্ম গ্রহণ করেন। খবরটি দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী, দেশ ব্রিকস এর পরিচালক হাজী আঃ কাদির পাওয়ার পর পর গতকাল রবিবার সকাল ৯ টার দিকে উপজেলা সদরের মা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারে যান।এসময় শাকিলের স্ত্রী ও সন্তানের চিকিৎসা সহ সার্বিক বিষয়ে খোঁজ খবর নেন।
হাজী আঃ কাদির শিশু সন্তানকে কোলে তুলে নিয়ে দোয়া কামনা করে

কাদিরের পক্ষ থেকে শাকিলের স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতা করেন।
ক্লিনিক সূত্রে জানা গেছে, গত শনিবার রাত ১১ টার দিকে দামুড়হুদা সদরের খাঁন পাড়ার শাকিলের স্ত্রীকে ভর্তি করেন। এসময় তার সার্বিক দিক বিবেচনা করে সিজারিয়ানের (অপারেশন) করা হয়। ডাঃ আবু হাসানুজ্জামান নুপুরে তত্বাবধানে সফল অস্তপারের মাধ্যমে পুত্র সন্তান জন্ম দেন। মা ও সন্তান উভয়ই ভালো আছে।
উল্লেখ্য হাজী আঃ কাদির দীর্ঘদিন ধরে সমাজের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের সাথে নিজেকে জড়িয়ে রেখে চলেছেন। করোনা মহামারির মাঝে সরকারের সকল সুযোগ সুবিধার পাশপাশি আঃ কাদির ব্যক্তিগত ভাবে করোনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ, শীত কালীন শীর্তাতদের মাঝে শীতবস্ত্র বিতরণ, অসুস্থ রোগীদের খোজ খবর নেওয়া সহ বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকাণ্ড রেখে চলেছেন বলিষ্ঠ ভূমিকা।

দর্শনা কেরু এন্ড কোম্পানির নব নির্বাচিতদের শপথ গ্রহন অনুষ্টিত

নব নির্বাচন পরিচালনা পরিষদের সকলকে গতকাল রবিববার বিকাল ৫ টার দিকে কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে দায়িত্বভার ও শপথ গ্রহন অনুষ্ঠানের আয়োজন করে।
এ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ বলেন, কেরুজ চিনিকল শ্রমিক-কর্মচারি ইউনিয়ন নির্বাচন জেলার একটি গুরুত্বপূর্ণ নির্বাচন। এ নির্বাচন সঠিকভাবে সম্পন্ন করায় নির্বাচন পরিচালনা পর্ষদ, সকল প্রার্থী, কর্মী ও সমর্থককে সাধুবাদ জানাচ্ছি। সেই সাথে এ নির্বাচনে যারা নির্বাচিত হয়েছেন, তাদের প্রতি আমার আহ্বান ঐতিহ্যবাহি কেরুজ চিনিকলটি রক্ষার্থে নিঃস্বার্থভাবে দায়িত্ব পালন করতে হবে। যেমন শ্রমিক স্বার্থে কাজ করবেন, তেমনি মিলের স্বার্থেও থাকতে হবে সচেষ্ট।

মনে রাখতে হবে মিল বাচলে, শ্রমিক বাচবে, টিকে থাকবে আপনাদের নেতৃত্ব। মিলটি বেচে থাকলে এ অঞ্চল কখনো অন্ধকারে নিমজ্জিত হবেনা। তাই আসুন চিনিকলটি বাচাতে বেশী বেশী আখ চাষ করি ও অন্যকে উৎসাহিত করি আখচাষে। ফুলেল শুভেচ্ছা পালার পরপরই পবিত্র কোরআন তোলোয়াত করেন কেরুজ জামে মসজিদের পেশ ইমাম।
স্বাগত বক্তব্য দেন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব, কেরুজ মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান মিলের মহাব্যবস্থাপক (অর্থ) রাব্বিক হাসান।

বিশেষ অতিথি ছিলেন মহাব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দিন, মহাব্যবস্থাপক (কৃষি) গিয়াস উদ্দিন, মহাব্যবস্থাপক (কারখানা) সুমিত কুমার সাহা। নির্বাচিত কমিটির হাতে দায়িত্বভার অর্পন করেন সাবেক সভাপতি তৈয়ব আলী।

নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান রাব্বিক হাসান নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ বাক্য পাঠ করান। এর আগে কমিটি পরিচিতি করা হয়।

কুষ্টিয়ায় নকল কসমেটিকস কারখানা মালিককে ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় কসমেটিকস সামগ্রী উৎপাদন প্রতিষ্ঠানে নকল ও স্বাস্থ্যহানিকর পণ্য উৎপাদন এবং বাজারজাত করায় একটি প্রতিষ্ঠানকে দুই লাখ টাকা জরিমানা করা হয়েছে।
গতকাল রবিবার সন্ধ্যায় কুষ্টিয়া শহরের মিলপাড়া এলাকায় ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কস নামক একটি নকল প্রসাধনী কারখানায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।
অভিযানের নেতৃত্ব দেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী পরিচালক মো. সবুজ হাসান।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, মিলপাড়া এলাকায় অবস্থিত ঐতুবৃ কেমিক্যাল ওয়ার্কস নামক প্রতিষ্ঠান নকল প্রসাধনী কারখানায় দীর্ঘদিন ধরে নকল পণ্য উৎপাদন ও বাজারজাত করে আসছে।

নকল কসমেটিকস কারখানায় অভিযান স্বাস্থ্যহানিকর এসব নকল পণ্য উৎপাদন ও বাজারজাত করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ও ৫৩ ধারায় ঐতুবৃৃ কেমিক্যালকে দুই লাখ টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় বিপুল পরিমাণ কেমিক্যাল, নকল প্রসাধনী সামগ্রী ও বিভিন্ন সরঞ্জামাদি ধ্বংস করা হয়।
অভিযান পরিচালনাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও জেলা স্যানিটারি ইন্সপেক্টর সার্বিক সহযোগিতা প্রদান করেন।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের রাস্তা-ঘাটের বেহাল দশা

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের রাস্তা-ঘাটের বেহাল দশা। সংস্কার না হওয়ায় সড়কের বিভিন্ন স্থানে ছোট-বড় অসংখ্য খানাখন্দ। রাস্তা নয় যেন মরণ ফাদ সামান্য বৃষ্টি হলেই রাস্তাগুলোর অবস্থা আরও বেহাল হয়ে পড়ে। রাস্তা গুলোর অধিকাংশ খানাখন্দের সৃষ্ঠি হয়েছে। যার কারণে প্রায় ঘটছে দুর্ঘটনা। আর এতে করে সীমান্ত ইউনিয়ন বাসির ভোগান্তির যেন শেষ নেই।
সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর থেকে শুরু করে যাদবপুর, কয়া, হরিহরনগর, মেদনীপুর, গয়েশপুর, গোয়ালপাড়ার রাস্তার খানাখন্দগুলো দিন দিন আরও বড় আকার ধারণ করে মরণ ফাঁদে পরিণত হচ্ছে। প্রতিদিনই কোন না কোন স্থানে দুর্ঘটনার শিকার হচ্ছেন স্থানীয় নাগরিকরা। দীঘ দিন যাবত রাস্তাগুলো জরাজিন্ন হয়ে পড়ে আছে সংষ্কারের কোনও উদ্যোগ নেন নি কতৃপক্ষ। অনেকেেই বলছেন টেন্ডার প্রক্রিয়ার মধ্যেই নাকি আটকে আছে এ সব কাজ।
গ্রামীন সড়কের রাস্তা দিয়ে প্রতিদিন কয়েক লাখ মানুষ চলাচল করেন।

প্রতিদিনই জীবনের ঝুঁকি নিয়েই চলাচল করছেন তারা। চরম দুর্ভোগ পোহাচ্ছেন সুনামগঞ্জ সীমান্ত ইউনিয়নবাসী।
কিন্তু এসব দেখার যেনো কেউ নেই। সীমান্ত ইউনিয়ন কর্তৃপক্ষের উন্নয়ন কর্মকাণ্ডের নামে যতো অব্যবস্থাপনা ও অপরিকল্পিত কর্মপন্থা আরও সৃষ্টি করেছে জনভোগান্তি।
স্থানীয়রা ক্ষোভ প্রকাশ করে বলেন, সীমান্ত ইউনিয়নের প্রতিটি রাস্তা সংষ্কারের অভাবে চরম অবহেলায় পড়ে আছে। উন্নয়নের আশ্বাসের ওপর ভর করেই কেটে গেছে চেয়ারম্যানদের সময়কাল। রাস্তা ঘাটের বেহাল দশায় বেড়েছে চলাচলে ভোগান্তি।
এ ব্যাপারে ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন বলেন, সীমান্ত ইউনিয়নের রাস্তা ঘাটের যে সমস্য সে সমস্যা সমাধানের জন্য আমরা মাননীয় সংসদ সদস্যসহ কতুপক্ষকে লিখিত ভাবে জানিয়েছি আশা করছি খুব দ্রুত সড়ক সংস্কারের কাজ শুরু হবে।

আলমডাঙ্গায় বিষপানের ৮ দিনপর যুবকের মৃত্যু

আলমডাঙ্গায় ঘাস মারা বিষ পানের ৮ দিন পর রনি (২৪) নামের এক যুবক মারা গেছে। গতকাল গতকাল রবিবার দুপুর ১ টার দিকে পৌর এলাকার গোবিন্দপুর নিজ বাড়িতে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর দক্ষিণ পাড়ার বজলুর রহমানের ছেলে রনি দীর্ঘদিন মাথার অসূখে ভুগছিলো। তার মাথার জন্য বিভিন্ন ডাক্তারের কাছে চিকিৎসা নিচ্ছিলো।

গত ৮ দিন পূর্বে মাথার সমস্যার কারণে বাড়িতে থাকা মাঠের ঘাষ মারা বিষ পান করে। পরিবারের লোকজন রনিকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। ৮ দিন চিকিৎসা শেষে বাড়িতেও চলে চিকিৎসা।

গতকাল রবিবার দুপুর ১ টার দিকে তার নিজ বাড়িতে মারা যায়। এ ঘটনায় রনির পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডাইরি করেন।

মিরপুরে ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহীর মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকের ধাক্কায় ইব্রাহিম (১২) নামে মোটরসাইকেল আরোহী এক কিশোরের মৃত্যু হয়েছে।
গতকাল রবিবার দুপুরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

ইব্রাহিম মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের গোয়াবাড়ীয়া এলাকার মাহাতাব উদ্দিনের ছেলে।
আমলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) হাফিজ জানান, শনিবার দুপুরে মোটর সাইকেলের পেছনে বসে কুষ্টিয়া-মেহরপুর সড়ক দিয়ে কাতলামারী এলাকায় যাচ্ছিল ইব্রাহিম।

পথে সদরপুর আমতলার কাছে একটি ট্রাকের সঙ্গে ধাক্কা লেগে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হয় ইব্রাহিম। স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করে।
সেখানে তার শারিরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য রামেক হাসপাতালে নেওয়ার পথে রবিবার সকালে তার মৃত্যু হয়।

দীর্ঘ বিরতির পর মেহেরপুরে নতুন করে ৩ জন করোনায় আক্রান্ত

দীর্ঘদিন পর মেহেরপুরে তিন জন করোনায় আক্রান্ত হয়েছে। বেশ কিছু দিনের বিরতির পর আবারও মেহেরপুর জেলায় দেখা দিয়েছে করোনা ভাইরাস। যার ফলে মেহেরপুর শহরে নতুন করে একই পরিবারের ৩ জন

আক্রান্তের খোঁজ মিলেছে।

জানা গিয়েছে, সম্প্রতি করোনা ভাইরাস সন্দেহে সোয়াব পরীক্ষার জন্য যে নমুনা পাঠানো হয়েছিল। সেই পরীক্ষার ফলে জানা গিয়েছে জেলায় ৩ জনের শরীরে করোনা শনাক্ত হয়।

রবিবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগের সূত্রে জানা গিয়েছে, আক্রান্ত ৩ জনই সদর উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় বর্তমানে ৩ জন করোনায় আক্রান্ত রোগী রয়েছে।

এছাড়াও জেলায় এ পর্যন্ত সম্পূর্ণ সুস্থ হয়ে ৬৮৯ জন বাড়ি ফিরেছে। এবং মৃত্যুবরণ করেছেন ১৭ জন। নতুন করে করোনায় কোনও মৃত্যুর ঘটনা ঘটেনি।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের, বাসস্ট্যন্ড পাড়ার নওশিন(১৩), মহিদুল হক(৪২), সোনিয়া(৩৬)।

সবাই সামাজিক দূরত্ব মেনে, নিয়মিত সাবান- পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখা সহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলা ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন।

মেহেরপুরে শিশু সংগঠন অংকুর’র দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন

রবিবার বিকেলে মেহেরপুর সরবারী শিশু পরিবারে স্বেচ্ছাসেবক শিশু সংগঠন অংকুর’র ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এসময়ে অংকুর এর সভাপতি মো: নাসিম রানা বাঁধনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠক সিরাজ স্যার, জেলা সমাজ সেবা সম্বনয়ক কমিটির সহ সভাপতি রাহিনুরজ্জামান পলেন, সরকারি শিশু পরিবারের উপত্ত্বাধয়ক মো: সাইদ হাসান, জাগো মেহেরপুরের যুগ্ম

সম্পাদক আব্দুল আলিম, জাগো মেহেরপুরের সংগঠক মো: হিরন, অংকুর এর সভাপতি মো: নাসিম রানা বাঁধন, সহ সভাপতি ফারদিন ইমতিয়াজ, যুগ্ম সম্পাদক হিমেল বিশ্বাস।

আরো উপস্থিত ছিলেন অংকুর এর সাধারণ সম্পাদক জাবির আল সাবা, যুগ্ম সম্পাদক হিমেল বিশ্বাস, ইমতিয়াজ হোসেন রিওন, সাংগঠনিক সম্পাদক সাকিব আবরার ইনান, অংকুরের সংগঠক শ্রাবণ বিশ্বাস, নিলয়, মাফুজ, তন্ময়, মাইসা, মেঘা সহ শিশু সংগঠন অংকুর’র সদস্য বৃন্দু।